

া রাহে বেলায়াত

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় - বিষয় সংশ্লিষ্ট যিকর ও দু'আ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

স্ত্রীকে গ্রহণের দু'আ

যিকর নং ১৮২ : স্ত্রীকে গ্রহণের দু'আ

রাসূলুল্লাহ (সা.) বাসর ঘরে নতুন স্ত্রীকে গ্রহণের সময় নিম্নের দু'আ বলতে শিখিয়েছেনঃ

اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ خَيْرَهَا وَخَيْرَ مَا جَبَلْتَهَا عَلَيْهِ، وَأَعُوذُ بِكَ مِنْ شَرِّهَا وَمِنْ شَرِّ مَا جَبَلْتَهَا عَلَيْهِ

উচ্চারণঃ আল্লা-হুম্মা, ইন্নী আসআলুকা খাইরাহা- ওয়া খাইরা মা- জাবালতাহা- 'আলাইহি, ওয়া আ'ঊযু বিকা মিন শাররিহা ওয়া শাররি মা- জাবালতাহা- 'আলাইহি।

অর্থঃ হে আল্লাহ আমি আপনার কাছে চাই, এই নারীর কল্যাণ এবং যা কিছু কল্যাণ এর প্রকৃতির মধ্যে দিয়ে আপনি একে সৃষ্টি করেছেন। আর আমি আপনার আশ্রয় চাই এই নারীর অকল্যাণ থেকে এবং যা কিছু অকল্যাণকর বিষয় এর প্রকৃতির মধ্যে দিয়ে আপনি একে সৃষ্টি করেছেন।[1]

ফুটনোট

[1] সুনানু আবী দাউদ ২/২৪৮, নং ২১৬০, সুনানু ইবনি মাজাহ ২/৭৫৭, নং ২২৫২। হাদিসটি সহীহ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8849

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন